দৈনিক খবর

তারিখ 22 APR 1991
পৃষ্ঠা ... কলাম ...

# পাঁচলাইশ কেন্দ্রে বিপুলসংখ্যক ভুয়া দাখিল পরীক্ষার্থী

।। খবর রিপোর্ট ।।

বাংলাদেশ মদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠানরত চলতি দাখিল পরীক্ষায় চট্টগ্রামে পাঁচলাইশ কেন্দ্রে বিপুল সংখ্যক ভুয়া ছাত্র মারাত্মক জালিয়াতির মাধ্যমে অংশ নিচ্ছে বলে গুরুতর অভিযোগ পাওয়া গেছে।

গতকাল রোববার থেকে এ পরীক্ষা শুরু হয়েছে এবং ওয়াজেদীয়া আলীয়া মদ্রাসায় অবস্থিত পাঁচলাইশ কেন্দ্রে

শেষ পৃষ্ঠায় ৪র্থ কলামে

## পাঁচলাইশ

প্রথম পৃষ্ঠার পর

ভুয়া পরীক্ষার্থীর সংখ্যা শতাধিক হতে পারে। বিভিন্ন সূত্রে পাওয়া অভিযোগে জানা গেছে, প্রবেশপত্রের সাথে সংযোজিত আসল পরীক্ষার্থীর ছবি তুলে নিয়ে সেখানে নকল পরীক্ষার্থীর ছবি সুকৌশলে লাগিয়ে দেয়া হয়েছে এবং ছবির ওপর জাল সীলের (বোর্ডের) ছাপ মারা হয়েছে। আসল পরীক্ষার্থীর পরিবর্তে নকল পরীক্ষার্থী অর্থের বিনিময়ে পরীক্ষা দিচ্ছে। বেআইনী এ কার্যকলাপের সাথে মদ্রাসা কর্তৃপক্ষ এবং কেন্দ্র কর্তৃপক্ষ জড়িত। নতুবা এ ধরনের অপকর্ম সম্ভব হতো না।

মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষা এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষা সমমানের। স্কুলের কতিপয় ছাত্র বিভিন্ন মাদ্রাসা কর্তৃপক্ষের সহায়তায় বোর্ডে নাম রেজিস্ট্রেশন এবং পরীক্ষার ফরম পূরণ করেছে। মদ্রাসায় লেখাপড়া না করা সত্ত্বেও তাদের নামে দাখিল পরীক্ষার প্রবেশপত্র ইস্যু হয়েছে যথারীতি। তাদের পরিবর্তে নকল পরীক্ষার্থী ওপরের একই পদ্ধতিতে জালিয়াতির মাধ্যমে পরীক্ষা দিচ্ছে। পাঁচলাইশ কেন্দ্রে এ ধরনের বেশ কিছু পরীক্ষার্থী রয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।

পাঁচলাইশ কেন্দ্রে মোট পরীক্ষার্থী ৬শ' ২৫ জন। এদের মধ্যে ৮০ জন অনুপস্থিত রয়েছে। পরীক্ষার প্রথম দিনে গতকাল অসদুপায় অবলম্বনের কারণে ১১ জনকে বহিস্কার করা হয়েছে।